

# চামড়া গবেষণা ইনস্টিটিউট

LEATHER RESEARCH INSTITUTE, BCSIR  
Bangladesh Council of Scientific & Industrial Research (BCSIR)

নং- ৩৯.০২.২৬৭২.০৩৯.৯৯.১৩৫.২০১৮/৬০৯


তারিখ: ৩০.১২.২০১৯ইং

## ”নিলাম বিজ্ঞপ্তি”

অত্র ইনস্টিটিউটের অকেজো যন্ত্রপাতি, পরিত্যক্ত ধাতববস্তু(গেট, গিল, লৌহ খন্ড, স্যানিটারী দ্রব্য ইত্যাদি), নষ্ট ইলেকট্রনিক পন্য, ভাঙা আসবাবপত্র, স্তূপিকৃত কাঠের টুকরা, কাচের বোতল, পুরাতন সিরামিক দ্রব্য, গাড়ীর টায়ারসহ অন্যান্য বর্জ্য মালামাল নিলাম নিমিত্তে দরপত্র আহবান করা হচ্ছে। দরপত্র আগামী ১৫.০১.২০২০ইং তারিখ দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত সংগ্রহ করা যাবে। দরপত্র দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত জমা দেয়া যাবে এবং বিকাল ৩.০০ ঘটিকায় উপস্থিত দরদাতাদের সম্মুখে(যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

## শর্তাবলী

- ০১। ২০০.০০ টাকার বিনিময়ে ক্রয়কৃত(অফেরত যোগ্য) দরপত্র নিজস্ব প্যাডে/সাদা কাগজে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, ঠিকানা, মোবাইল নম্বর, প্রদত্ত মূল্য অংকে ও কথায় লিখে দাখিল করতে হবে।
- ০২। আগ্রহী দরদাতাগণ দরপত্র দাখিলের পূর্বে সরেজমিনে পরিদর্শন পূর্বক মূল্য সম্পর্কে নিশ্চিত হতে পারেন।
- ০৩। দরপত্র ১৫.০১.২০২০ইং তারিখ দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত ক্রয় করা যাবে।
- ০৪। আগ্রহী দরদাতাকে আর্নেস্টম্যানি বাবদ উদ্ধৃত দরের ১০% এর সমপরিমাণ অর্থ চামড়া গবেষণা ইনস্টিটিউট এর অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফটসহ সীলমোহরকৃত দরপত্র আগামী ১৫.০১.২০২০ তারিখ রোজ বুধবার বিকাল ২.০০ ঘটিকার মধ্যে দাখিল করতে হবে এবং ঐদিনই বিকাল ৩.০০ ঘটিকায় উপস্থিত দরদাতাদের সম্মুখে(যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০৫। দরপত্র চামড়া গবেষণা ইনস্টিটিউট, নয়ারহাট, সাভার, ঢাকা-এ রক্ষিত টেন্ডার বাক্সে অথবা ডাক/কুরিয়ার সার্ভিস মারফত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে পৌঁছাতে হবে।
- ০৬। সফল দর দাতাকে উদ্ধৃত মূল্যের সমুদয় অর্থ এবং বিধি অনুযায়ী ভ্যাট/ট্যাক্সসহ নগদ/হিসাব নং ১০৪৫/৪, জনতা ব্যাংক লিঃ নয়ারহাট, সাভার, ঢাকায় ০৭(সাত) দিনের মধ্যে জমা দিতে হবে। আর্নেস্টম্যানি বাবদ অর্থ সমস্ত মালামাল অপসারণের পর ফেরত দেয়া হবে।
- ০৭। ২য় সফল দরদাতা ব্যাভীত অসফল দরদাতার আর্নেস্টম্যানি দরপত্র খোলার দিন ফেরত দেয়া হবে।
- ০৮। সফল দরদাতা ব্যর্থ হলে ২য় সর্বোচ্চ দরদাতাকে কৃতকার্য ঘোষণা করা হবে এবং সফল দরদাতার আর্নেস্টম্যানি বাজেয়াপ্ত করা হবে।
- ০৯। নিলাম বিষয়ে নিলাম কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১০। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

  
(ড. মধুসূদন সাহা)  
ভারপ্রাপ্ত কর্মকর্তা